বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান কৃষি বিশ্ববিদ্যালয়

গাজীপুর- ১৭০৬

ভর্তি সংক্রান্ত নিয়মাবলী

এমএস ও পিএইচডি প্রোগ্রাম

বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান কৃষি বিশ্ববিদ্যালয় (বশেমুরকৃবি) এর কোর্স ক্রেডিট পদ্ধতির অধীনে নিম্নলিখিত বিষয়ে (বন্ধনীর ভিতর উল্লেখিত আসন অনুযায়ী) এমএস ও পিএইচডি প্রোগ্রামে উইন্টার ২০১৭ টার্মে ছাত্র-ছাত্রী ভর্তি করা হইবে। এমএস কোর্সের জন্য কমপক্ষে ৫ (পাঁচ) টার্ম এবং পিএইচডি কোর্সের জন্য কমপক্ষে ৯ (নয়) টার্ম (প্রতি টার্মে ১২ সপ্তাহ, প্রতি বৎসরে ৩ টার্ম) প্রযোজ্য হইবে।

১। বিষয়ঃ

এমএস ঃ কৃষি সম্প্রসারণ ও গ্রামীণ উন্নয়ন (৫); কৃষিবনায়ন ও পরিবেশ (৩০); এগ্রো-প্রসেসিং (১১); কৃষিতত্ত্ব (৪৯); বায়োটেকনোলজি (৬); ফসল উদ্ভিদবিদ্যা (২০); এনভাইরনমেন্টাল সায়েন্স (৪); কৌলিতত্ত্ব ও উদ্ভিদ প্রজনন (২০); উদ্যানতত্ত্ব (৩০); উদ্ভিদ রোগতত্ত্ব (২০); মৃত্তিকা বিজ্ঞান (২৪); বীজ বিজ্ঞান ও প্রযুক্তি (৮); জেনেটিক্স এন্ড ফিশ ব্রিডিং (৭); অ্যানিম্যাল নিউট্রিশন (৬); ডেয়রি সায়েন্স (৬); পোল্ট্রি সায়েন্স (৮); থেরিওজেনোলজি (১০); কৃষি অর্থনীতি (১৪)।

পিএইচডি ঃ কৃষি সম্প্রসারণ ও গ্রামীণ উন্নয়ন (২); কৃষিবনায়ন ও পরিবেশ (৬); কৃষিতত্ত্ব (৫); বায়োটেকনোলজি (২); ফসল উদ্ভিদবিদ্যা (৫); কৌলিতত্ত্ব ও উদ্ভিদ প্রজনন (৪); উদ্যানতত্ত্ব (৫); উদ্ভিদ রোগতত্ত্ব (৬); মৃত্তিকা বিজ্ঞান (৩); বীজ বিজ্ঞান ও প্রযুক্তি (১)।

২। যোগ্যতা ও প্রার্থী নির্বাচন শর্তাবলী ঃ

এমএস প্রোগ্রামের জন্য ঃ

ক) প্রার্থীদের বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান কৃষি বিশ্ববিদ্যালয় হইতে ন্যূনতম জিপিএ ৩.০০ সহ (৪.০০ এর মধ্যে) কৃষি বিষয়ে স্নাতক ডিগ্রী অথবা ডিভিএম ডিগ্রি অথবা স্বীকৃত বিশ্ববিদ্যালয়/ শিক্ষা প্রতিষ্ঠান হইতে জিপিএ ৩.০০ (৪.০০এর মধ্যে) বা দ্বিতীয় বিভাগ/শ্রেণীসহ সমমানের ডিগ্রী থাকিতে হইবে।

খ) প্রার্থীদের এসএসসি, এইচএসসি এবং স্নাতক ডিগ্রীতে প্রাপ্ত জিপিএ/নম্বর এর ভিত্তিতে নির্বাচন করা হইবে। মোট ১০০ পয়েন্টের ভিত্তিতে মেধা অনুসারে প্রার্থী নির্বাচন করা হইবে যাহার মধ্যে স্নাতক ডিগ্রীর জন্য ৬০ পয়েন্ট, এইচএসসি ২০ পয়েন্ট এবং এসএসসি ২০ পয়েন্ট নির্ধারিত থাকিবে। ভর্তির যোগ্যতা হিসাবে কোর্স ক্রেডিট/গ্রেডিং পদ্ধতিতে ডিগ্রীধারী প্রার্থীর ন্যূনতম ৭০ পয়েন্ট থাকিতে হইবে। কোর্স ক্রেডিট/গ্রেডিট পদ্ধতি ব্যতিত (নম্বর পদ্ধতিতে) ডিগ্রিধারী প্রার্থির ন্যূনতম ৬৫ পয়েন্ট থাকিতে হইবে।

গ) চাকুরীরত প্রার্থীদের ক্ষেত্রে কোর্স ক্রেডিট/গ্রেডিং পদ্ধতিতে ডিগ্রীধারী প্রার্থীর কমপক্ষে ৬৫ পয়েন্ট এবং পূর্বের নম্বর পদ্ধতিতে ডিগ্রীধারী প্রার্থীর কমপক্ষে ৬০ পয়েন্ট থাকিতে হইবে। সরকারী বা আধাসরকারী বা স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানে কর্মরত বৃত্তিপ্রাপ্ত কোর্স ক্রেডিট/গ্রেডিং পদ্ধতিতে ডিগ্রীধারী প্রার্থীদের ক্ষেত্রে ন্যূনতম ৬০ পয়েন্ট থাকিতে হইবে। কোর্স ক্রেডিট/গ্রেডিং পদ্ধতি ব্যতিত (নম্বর পদ্ধতিতে) ডিগ্রীধারী বৃত্তিপ্রাপ্ত প্রার্থীর ন্যূনতম ৫৫ পয়েন্ট থাকিতে হইবে।

ঘ) একজন প্রার্থী সর্বাধিক ৩ (তিন) টি বিভাগ ভর্তির জন্য পছন্দ করিতে পারিবেন। ভর্তি ইচ্ছুক বিভাগগুলি পছন্দের ক্রমানুসারে উল্লেখ করিতে হইবে।

ঙ) চাকুরীরত প্রার্থীদেরকে চাকুরীদাতার নিকট হইতে কোর্স ও গবেষণা চলাকালীণ সময়ের জন্য ছুটি/ ডেপুটেশন মঞ্জুর করা হইবে এই মর্মে ছাড়পত্র দরখাস্তের সাথে সংযোজন করিতে হইবে।

চ) অত্র বিশ্ববিদ্যালয় হইতে 'F' গ্রেড প্রাপ্ত অথবা ৩.০০ (তিন) এর নিচে জিপিএ প্রাপ্ত চলে যাওয়া ছাত্র-ছাত্রী ভর্তির জন্য যোগ্য নহেন।

পিএইচডি প্রোগ্রামের জন্য ঃ

ক) কেবল মাত্র চাকুরীরত প্রার্থীগণ পিএইচডি প্রোগ্রামে ভর্তির জন্য আবেদন করতে পারিবেন।

খ) প্রার্থীদের বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান কৃষি বিশ্ববিদ্যালয় হইতে ন্যূনতম জিপিএ ৩.০০ সহ (৪.০০ এর মধ্যে) স্নাতকোত্তর ডিগ্রী অথবা স্বীকৃত অন্য কোন বিশ্ববিদ্যালয়/ শিক্ষা প্রতিষ্ঠান হইতে জিপিএ ৩.০০ (৪.০০ এর মধ্যে) বা দ্বিতীয় বিভাগ/শ্রেণীসহ সমমানের ডিগ্রী থাকিতে হইবে।

গ) স্বীকৃত বেসরকারী প্রতিষ্ঠান/এনজিওতে চাকুরীরত প্রার্থীদের কমপক্ষে ২ (দুই) বৎসরের চাকুরীর অভিজ্ঞতা থাকিতে হইবে।

ঘ) একজন প্রার্থী সর্বাধিক ৩টি (তিন) বিভাগ ভর্তির জন্য পছন্দক্রমে উল্লেখ করিতে পারিবেন। ভর্তি ইচ্ছুক বিভাগগুলি পছন্দের ক্রমানুসারে উল্লেখ করিতে হইবে।

২৮/৪/১৭

ঙ) প্রার্থীদের এসএসসি, এইচএসসি, স্নাতক এবং স্নাতকোত্তর বা সমমানের ডিগ্রীতে প্রাপ্ত জিপিএ/নম্বর এর ভিত্তিতে নির্বাচন করা হইবে। মোট ১০০ পয়েন্টের ভিত্তিতে মেধা অনুসারে প্রার্থী নির্বাচন করা হইবে যাহার মধ্যে স্নাতক ও স্নাতকোত্তর পর্যায়ে প্রত্যেকটি ডিগ্রীর জন্য ৩৫ পয়েন্ট করিয়া মোট ৭০ এবং এইচএসসি ও এসএসসি ডিগ্রীর প্রত্যেকটির জন্য ১৫ করিয়া মোট ৩০ পয়েন্ট নির্ধারিত থাকিবে। ভর্তির যোগ্যতা হিসাবে কোর্স ক্রেডিট/গ্রেডিং পদ্ধতিতে ডিগ্রীধারী প্রার্থীর ন্যূনতম ৭০ পয়েন্ট এবং পূর্বের নম্বর পদ্ধতিতে ডিগ্রীধারী প্রার্থীর কমপক্ষে ৬০ পয়েন্ট থাকিতে হইবে। সরকারী বা আধাসরকারী বা স্বায়ত্ত্বশাসিত প্রতিষ্ঠানে কর্মরত বৃত্তিপ্রাপ্ত কোর্স ক্রেডিট/গ্রেডিং পদ্ধতিতে ডিগ্রীধারী প্রার্থীদের ক্ষেত্রে ন্যূনতম ৬৫ পয়েন্ট এবং পূর্বের নম্বর পদ্ধতিতে ডিগ্রীধারী বৃত্তিপ্রাপ্ত প্রার্থীর ন্যূনতম ৫৫ পয়েন্ট থাকিতে হইবে।

চ) চাকুরীরত প্রার্থীদেরকে চাকুরী দাতার নিকট হইতে কোর্স ও গবেষণা চলাকালীণ সময়ের জন্য ছুটি/ডেপুটেশন মঞ্জুর করা হইবে এই মর্মে ছাড়পত্র দরখাস্তের সাথে সংযোজন করিতে হইবে।

ছ) অত্র বিশ্ববিদ্যালয় হইতে 'F' গ্রেড প্রাপ্ত অথবা ৩.০০ (তিন) এর নিচে জিপিএ প্রাপ্ত চলে যাওয়া ছাত্র-ছাত্রী ভর্তির জন্য যোগ্য নহেন।

৩। বিজ্ঞাপন প্রচারের পর বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে অবস্থিত সোনালী ব্যাংকে ৫০০ (পাঁচশত) টাকা জমা দিয়া অফিস চলাকালীন সময়ে শিক্ষা শাখা হইতে ভর্তির আবেদন ফরম, ভর্তির নিয়মাবলী ও গ্র্যাজুয়েট ক্যাটালগ সংগ্রহ করা যাইবে অথবা বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট www.bsmrau.edu.bd হইতে আবেদন ফরম (Application Form) সংগ্রহ করা যাইবে।

দরখাস্তের সাথে সত্যায়িত নিম্নোক্ত কাগজপত্র/ সনদের ফটোকপি দাখিল করিতে হইবে।

* ২ (দুই) কপি সাদা তোলা পাসপোর্ট আকারের ছবি।

* এস.এস.সি, এইচ.এস.সি, স্নাতক এবং স্নাতকোত্তর (পিএইচডি কোর্সের জন্য) ডিগ্রী পাসের সনদপত্র ও মার্কশীট/ ট্রান্সক্রিপ্ট।

* বাংলাদেশী আবেদনকারী ছাত্র-ছাত্রীদের ক্ষেত্রে জাতীয় পরিচয়পত্র এবং বিদেশী আবেদনকারী ছাত্র-ছাত্রীদের ক্ষেত্রে পাসপোর্টের ফটোকপি।

* সর্বশেষ অধ্যয়নরত শিক্ষা প্রতিষ্ঠানের প্রধানের নিকট হইতে প্রাপ্ত চারিত্রিক সার্টিফিকেট।

* ভর্তির আবেদন ফরমের জন্য সংশ্লিষ্ট টাকা জমাদানের রশিদ (শিক্ষা শাখার অংশ)।

* অন্যান্য প্রয়োজনীয় কাগজপত্রের ফটোকপি।

* অস্পষ্ট, অসম্পূর্ণ / ভুল তথ্যাদি সন্নিবেশিত ও বিলম্বে প্রাপ্ত আবেদনপত্র সরাসরি বাতিল বলিয়া গণ্য হইবে।

আবেদন পত্রের সাথে দাখিলকৃত সকল সনদ পত্রের মূলকপি ভর্তির সময় অবশ্যই দেখাইতে হইবে।

৪। ভর্তি, কোর্স এবং পরীক্ষা পদ্ধতিসহ শিক্ষা বিষয়ক সকল তথ্য বশেমুরকৃবি গ্র্যাজুয়েট ক্যাটালগ হইতে জানা যাইবে।

৫। দরখাস্ত ১০/১০/২০১৭ ইং তারিখ অফিস সময়ের মধ্যে শিক্ষা শাখায় জমা দিতে হইবে। অস্পস্ট, অসম্পূর্ণ এবং বিলম্বে প্রাপ্ত দরখাস্ত সরাসরি বাতিল বলিয়া গণ্য হইবে।

৬। বিভাগীয় মেধার ভিত্তিতে নির্বাচিত প্রার্থীদের তালিকা ২৫/১০/২০১৭ তারিখে বশেমুরকৃবি নোটিশ বোর্ডে টানাইয়া দেওয়া হইবে। নির্বাচিত ছাত্র-ছাত্রীদের ভর্তি ০১/১১/২০১৭ তারিখে অনুষ্ঠিত হইবে।

৭। নির্বাচিত প্রার্থীদের এমএস এবং পিএইচডি কোর্সে ভর্তির সময়ে ভর্তির জন্য প্রতি টার্মে বিশ্ববিদ্যালয় কর্তৃক নির্ধারিত ফি সোনালী ব্যাংক, বশেমুরকৃবি শাখায় জমা দিতে হইবে।

৮। ছাত্রদের কোর্স নিবন্ধন ভর্তির সময় সম্পন্ন করিতে হইবে। ভর্তিকৃত ছাত্রদের অরিয়েন্টেশন ১২/১১/২০১৭ তারিখ (পূর্বাহ্নে) এবং ক্লাস ১২/১১/২০১৭ তারিখ (অপরাহ্নে) শুরু হইবে।

৯। কোন ছাত্র ক্লাস শুরু হওয়ার ১৪ (চৌদ্দ) দিনের মধ্যে ক্লাসে যোগদানে ব্যর্থ হইলে তাহার ভর্তি বাতিল বলিয়া গণ্য হইবে।

১০। শিক্ষাকালীন সময়ে প্রত্যেক ছাত্র-ছাত্রীর ছাত্রাবাসে অবস্থান করা বাধ্যতামূলক। ছাত্রাবাস সম্পর্কিত সকল নিয়মকানুন প্রভোষ্ট অফিস হইতে জানা যাইবে।

১১। বশেমুরকৃবি (এমএস ও পিএইচডি) শিক্ষা কার্যক্রমে অধ্যয়নরত ছাত্র-ছাত্রীগণ একযোগে অন্য কোন বিশ্ববিদ্যালয়ের/শিক্ষা প্রতিষ্ঠানের নিয়মিত শিক্ষাকার্যক্রমে অংশগ্রহণ করিতে পারিবে না।

১২। বশেমুরকৃবি বৃত্তি নীতিমালা অনুযায়ী ও তহবিলের প্রাপ্যতা সাপেক্ষে সীমিত সংখ্যক ছাত্র-ছাত্রীকে সাধারণবৃত্তি/ মেধাবৃত্তি প্রদানের ব্যবস্থা আছে। ভর্তির প্রথম টার্ম হইতে সাধারণ বৃত্তি এবং যোগ্যতার ভিত্তিতে দ্বিতীয় টার্ম হইতে মেধাবৃত্তি প্রদান করা হয়।

অতিরিক্ত রেজিস্ট্রার 28/8/17

ডীন, গ্র্যাজুয়েট স্টাডিজ অনুষদ 28/8/17